# নির্বাচনি নজরদারিতে ২৫ হাজারের বেশি বডি ক্যামেরা: প্রেস সচিব



প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ঘিরে দেশজুড়ে আইনশৃঙ্খলা জোরদার করা হয়েছে। প্রায় ৪৩ হাজার ভোটকেন্দ্রে নজরদারির জন্য ২৫ হাজার ৭০০টি বডি ওর্ন ক্যামেরা বসানো হচ্ছে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। শনিবার সন্ধ্যার ব্রিফিংয়ে তিনি এ তথ্য দেন।

তিনি জানান, নির্বাচনি দায়িত্বে থাকবেন আইনশৃঙ্খলা বাহিনীর প্রায় নয় লাখ সদস্য। এর মধ্যে সামরিক বাহিনীর এক লাখ ৮ হাজার ৮৮৫ জন, বিজিবির ৩৭ হাজার ৪৫৩ জন, তিন হাজারের বেশি কোস্টগার্ড সদস্য এবং ৫ লাখ ৬৭ হাজার ৮৬৬ জন আনসার সদস্য রোববার থেকে মাঠে নামবেন। ১১ ফেব্রুয়ারি সকাল থেকে আরও এক লাখ ৫৭ হাজার পুলিশ সদস্য ও র‍্যাবের নির্দিষ্ট সংখ্যক সদস্য ২৯৯টি আসনে দায়িত্ব পালন শুরু করবেন।

প্রেস সচিব আরও জানান, পোস্টাল ভোটের জন্য চার লাখ ২২ হাজার ৯৬০টি ব্যালট ইতোমধ্যে দেশে পৌঁছেছে। দেশের বাইরে থেকে পাঠানো পোস্টাল ব্যালটের মধ্যে ৯৪ শতাংশই পুরুষ ভোটারের।

ব্রিফিংয়ে বলা হয়, নির্বাচনে প্রায় ৪০০ বিদেশি পর্যবেক্ষক, প্রায় ৫০ হাজার দেশি পর্যবেক্ষক এবং ১২০ জনের মতো বিদেশি সাংবাদিক কাজ করবেন।

নির্বাচন সুরক্ষা অ্যাপও পুরোপুরি চালু হয়েছে। নির্বাচনি ও সুরক্ষা কর্মকর্তারা এই অ্যাপ ব্যবহার করে সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণ করবেন।

LENS ASIA